47

ভোরের কাগজ

তারিখ ২০ JUL 1998

পৃষ্ঠা ৭২ কলাম ৫

২৪ ঘন্টার মধ্যে কলেজ খুলে দেওয়ার দাবি জানিয়েছে সর্বদলীয় ছাত্রঐক্য

# অনার্সে ভর্তি নিয়ে উত্তেজনা, বগুড়া আযিযুল হক কলেজ বন্ধ ঘোষণা

বগুড়া প্রতিনিধি : ভর্তি সংক্রান্ত বিষয় নিয়ে ছাত্রছাত্রীদের মধ্যে চরম উত্তেজনা বিরাজ করায় কর্তৃপক্ষ গতকাল রোববার থেকে অনির্দিষ্টকালের জন্য বগুড়া আযিযুল হক বিশ্ববিদ্যালয় কলেজ বন্ধ ঘোষণা করেছেন।

'৯৭-৯৮ শিক্ষাবর্ষে সম্মান প্রথম বর্ষে ভর্তি সংক্রান্ত জটিলতা নিয়ে কয়েকদিন ধরেই কলেজে ছাত্রছাত্রীদের মধ্যে চরম উত্তেজনা বিরাজ করছিল। কর্তৃপক্ষ গত শনিবার সন্ধ্যায় এক জরুরি সভায় কলেজ বন্ধ ঘোষণার নোটিশ জারি করেন।

এদিকে কলেজ বন্ধ ঘোষণার পর সর্বদলীয় ছাত্রঐক্য নেতৃবৃন্দ আগামী ২৪ ঘন্টার মধ্যে কলেজ খুলে দেওয়া, অধ্যক্ষের আশ্বাস অনুযায়ী ২০% হারে বর্ধিত আসনে বিভাগ পরিবর্তন ও রোকেয়া হলে 'রাত্রি যাপনকারী' দুই শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছে। অন্যথায় আগামীকাল মঙ্গলবার থেকে অনির্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘট শুরু করার ঘোষণা দেওয়া হয়।

গতকাল রোববার সন্ধ্যায় বগুড়া প্রেসক্লাব মিলনায়তনে সর্বদলীয় ছাত্রঐক্য সরকারি আঃ হক কলেজ শাখার নেতৃবৃন্দ সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন। ছাত্রঐক্যের পক্ষে ছাত্রলীগ (শা-পা) নেতা ও কলেজ ছাত্র সংসদের এজিএস আমিনুল ইসলাম ডাবলু লিখিত বক্তব্যে বলেন, কলেজ কর্তৃপক্ষ সম্মান শ্রেণীতে ২০% হারে আসন সংখ্যা বৃদ্ধির সঙ্গে ইতিপূর্বে একাত্মতা ঘোষণা করলেও তা বাস্তবায়িত হয়নি। কলেজ কর্তৃপক্ষ ২৫ জুন কতিপয় সিদ্ধান্ত গ্রহণ করলেও একটি মহলের চাপের মুখে নতিস্বীকার ও তড়িঘড়ি করে কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে।

লিখিত বক্তব্যে উপরোক্ত দাবি মেনে না নেওয়া হলে ২১ জুলাই থেকে অনির্দিষ্টকালের জন্য ছাত্ররা কলেজে ধর্মঘটে যাবে বলে জানানো হয়। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ছাত্রদল নেতা আলমগীর হোসেন, জাসদ ছাত্রলীগ নেতা মোঃ মনিরুল ইসলাম মনিরসহ ছাত্র সংসদের নেতৃবৃন্দ।

সংবাদ সম্মেলনে জানানো হয়, তাদের দাবি আদায়ের লক্ষ্যে আজ সকাল ১১টায় অধ্যক্ষ কার্যালয়ের সামনে প্রতিবাদ সভা ও অবস্থান ধর্মঘট পালন করা হবে।